RBI No. 93/2006-07

DCM (NE) No.732/08.07.18/2002-03

২৮শে জুলাই ২০০৬

চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টার
সমস্ত সরকারী ও বেসরকারী ব্যাংক, বিদেশী ব্যাংকসমূহ এবং রাজ্য সমব্যায় ব্যাংকসমূহ

মহাশয়/মহাশয়া,

**নিয়ন্ত্রক বিজ্ঞপ্তি- নোট ও খুচরা পরিবর্তনের সুযোগ সুবিধা**

বিজ্ঞপ্তি নং DCM(ME)No. G-2/08.07.18/2002-03 ৫ই জুলাই, ২০০২ তারিখের নোট ও খুচরা বদল সংক্রান্ত সুযোগ সুবিধার প্রতি দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে। সেই অনুসারে উপরোক্ত বিষয়ে যে পরিবর্তন করা হয়েছে তার সংশোধিত নিয়ন্ত্রক বিজ্ঞপ্তি আপনাদের অবগতির জন্য পাঠানো হলো প্রয়োজনীয় ও যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য।

ইতি ভবদীয়,

(ইউ. এস. পালিওয়াল)
চীফ জেনারেল ম্যানেজার

**ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) — পূর্ণক্ষমতা অর্পণ**

ভারতীয় রিজার্ভ ব্যাংক অ্যাক্ট ১৯৩৪-এর ২৪ নং ধারার সঙ্গে ৫৪(২) ধারা বলে কোন ব্যক্তিরই অধিকার নেই হারিয়ে যাওয়া, চুরি যাওয়া, ছিঁড়ে যাওয়া বা ত্রুটি পূর্ণ ভারত সরকারের বা ব্যাংক নোটের সমপরিমাণ মূল্য ক্ষতিপূরণ পাওয়ার। যা হোক, ন্যায্যক্ষেত্র জনগণের কষ্ট লাঘব করার জন্য কেন্দ্রীয় সরকারের অনুমতি সাপেক্ষ, নির্দিষ্ট ক্ষেত্রে, অবস্থা ও সীমাবদ্ধতার বিচারে রিজার্ভ ব্যাংক তার মর্যাদা রক্ষার্থে কারেন্সি নোট বা ব্যাংক নোটের সমপরিমাপ মূল্য ফেরত দিতে পারে।

জনগনের সুবিদার্থে ভারতীয় রিজার্ভ ব্যাংক নোট প্রত্যার্পণ বিধি মতে কারেন্সি সিন্দুক সম্বলিত সমস্ত ব্যাংকের শাখাগুলোকে ক্ষমতা দেওয়া হচ্ছে যে তারা ছেঁড়া / কাটা ছেঁড়া / ত্রুটিপূর্ণ নোট পরিবর্তনের সুযোগ সুবিধা দেয়।

**কাটা নোটের উদারীকৃত সংজ্ঞা**

২। তাড়াতাড়ি নোট পরিবর্তনের সুযোগ সুবিধার ক্ষেত্রে নিম্নলিখিত ধরনের ময়লা, দাগী ও কাটা নোট অবাধে বদল কড়া যাবে, সমস্ত ব্যাংকে শাখা এমনকি যেই শাখায় সিন্দুক নেই সেখানেও। এমনকি উপরোক্ত নোট সমূহ যথাযথ সরকারী মাশুল নিয়ে ব্যাংক কাউন্টারে জমা নেওয়া যাবে এবং ব্যাংকে জনগনের অ্যাকাউন্টে যথাযথ ক্রেডিট করতে হবে।

<u>ময়লা-দাগী নোট সমূহ</u>

১) <u>এক অংকের নোট- Re.1, Rs. 2, Rs. 5</u>

নোট দুটুকরোর বেশী হওয়া চলবে না। নোটের কোনো আবশ্যকীয় বৈশিষ্টই না থাকলে চলবে না এবং সম্পুর্ণ নম্বর কোনো এক ভাগে অবশ্যই থাকা চাই।

<u>২) দুই নম্বরের নোট- Rs. 10, Rs. 20, Rs. 50, Rs. 100, Rs. 500, Rs. 1000</u>

নোট দুটুকরোর বেশী হওয়া চলবে না। নোটের কোনো আবশ্যকীয় বৈশিষ্ট না থাকলে চলবে না। দুটো টুকরোই যেন একই নোটের হয় অর্থাৎ নোটের সম্পূর্ণ নম্বর প্রত্যেকটা টুকরোয় একই হওয়া চাই।

উপরোক্তির ধরণের নোটগুলো ময়লা-দাগী বলে গণ্য হবে এবং তাদেরকে ময়লা-দাগী নোটের সঙ্গে রাখতে হবে। এই অযোগ্য নোটগুনলো কোন অবস্থাতেই যেন পুনরায় ব্যবহার করার জন্য জনগনের কাছে ছাড়া হবে না কিন্তু কারেন্সি চেস্টে জমা থাকবে ভরতীয় রিজার্ভ ব্যাংকের অফিসে পাঠাবার জন্য চেস্টে খাতের নোট হিসাবে।

**নোট যেগুলো অত্যন্ত পলকা, পোড়া, পুড়ে কালো হয়ে গেছে, জোড়াতালি দেওয়া নোট**

যে নোটগুলো অত্যন্ত পলকা, খরাপভাবে পোড়া, পুড়ে কালো হয়ে গেছে, এমনভাবে আটকে গেছে যাকে আলাদা করা যাচ্ছে না ব্যবহারের অযোগ্য সেই নোটগুলো পরিবর্তনের জন্য ব্যাংকের শাখাগুলো গ্রহণ করতে পারবেনা পরিবর্তে এই নোটের মালিককে সংশ্লিষ্ট ইসু অফিসে নোটগুলো জমা দিয়ে বিশেষ ব্যবস্থার মাধ্যমে বিচারের পরামর্শ দেওয়া হবে।

**যে নোটসমূহ "পে"/ "পেইড" বা "বাতিল" স্ট্যাম্প দেওয়া হয়েছে**

৩। ব্যাংকের শাখার প্রত্যেক অধিকারিক অর্থাৎ ম্যানেজার এবং শাখার অ্যাকাউন্টস ও নগদ বিভাগের আধিকারিকেরা শাখায় যে সমস্ত ব্যবহার অযোগ্য নোট গ্রহণ করা হয়েছে ভারতীয় রিজার্ভ ব্যাংক নোট প্রত্যার্পণ বিধি ১৯৭৫ অনুযায়ী বিচারের জন্য নির্দিষ্ট অফিসার হিসেবে কাজ করবেন। (১৯৮০ পর্যন্ত সংশোধিত) বিবর্ণ নোট সমূহের বিচারের পরে নির্দিষ্ট বিচারকারী অফিসার প্রয়োজন মত তাঁর নির্দেশ নথিভুক্ত করে এই তারিখে পে/পেইড/রিজেক্ট স্ট্যাম্প দিয়ে চিহ্নিত করবেন। পে এবং রিজেক্ট স্ট্যাম্প দিয়ে চিহ্নিত করার সঙ্গে সংশ্লিষ্ট ব্যাংক ওশাখার নাম উল্লেখ থাকবে। ক্রুটি পূর্ণ নোট সমূহ যাতে ইতিমধ্যেই পে/পেইড(বা রিজেক্ট) ছাপ পড়েছে ভারতীয় রিজার্ভ ব্যাংকের কোন ইসু অফিস থেকে বা কোন ব্যাংকের শাখা থেকে সেগুলো ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধির ধারা 5(1) মতে বাতিল বলে ধরা হবে এবং পেশকারী ব্যাংককে পরামর্শ দেওয়া হচ্ছে যে এইসব ক্রুটিযুক্ত নোটগুলোর ক্ষেত্রে পুনরায় তার সমপরিমাপ মূল্য দেওয়া যাবে না কারণ ইতিমধ্যেই তা দেওয়া হয়ে দেছে তা নাকি এই নোটগুলোর উপর পে/পেইড ছাপ থেকে দেখা গেছে। সমস্ত ব্যাংকের শাখার কাছে নির্দেশ আছে যেন পে/পেইড ছাপ দেওয়া নোটগুলি কোনো অবস্থাতেই এমনকি অনবধানবশত জনগনের কাছে না ছাড়া হয়।

ব্যাংকের শাখাগুলো তাদের গ্রাহকদের যেন সাবধান করে দেয় কোনো ব্যাংক বা অন্য কারোর থেকে ঐ নোট না নেয়।

**যে সমস্ত নোট স্লোগান/ রাজনৈতিক বার্তা আছে।**

৪। কোনো নোটের উপর যদি রাজনৈতিক কোনো স্লোগান ও বার্তা থাকে তবে তা বৈধ বলে গণ্য হবে না এবং ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি ধারা 5(2) বলে সেই নোটের ক্ষেত্রে কোনো দাবী বাতিল বলে গণ্য হবে। একইরকম ভাবে যে সমস্ত নোট বিকৃত হয়েছে সেগুলিও ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি ধারা 5(2) বলে বাতিল হতে পারে।

**ইচ্ছাকৃত ভাবে কাটা নোটগুলি**

৫। কিছু নোট যা নাকি ইচ্ছাকৃতভাবে কাটা বা পরিবর্তন করা হয়েছে, যদি বিনিময় মূল্যের জন্য পেশ করা হয়, সেগুলিও ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি ধারা 5(2)(ii) বলে বাতিল বলে গণ্য হবে। যদিও নির্দিষ্ট করে এটা বলা সম্ভব নয় যে ইচ্ছা করে নোট কাটা/বিবর্ণ করা হয়েছে, সেই নোটগুলির উপর তীক্ষ্ণ দৃষ্টিপাত করলেই প্রকাশ পাবে যে তা কোনো জালিয়াতির উদ্দেশ্যে

ইচ্ছাকৃতভাবে করা হয়েছে কিনা। যেভাবে এই নোটগুলির নিখোঁজ অংশের আকৃতি/অবস্থানের পরিবর্তন ঘটানো হয় তাতে সঙ্গতিপূর্ণ এক নির্দিষ্ট ধরনের ধারণা হয়, বিশেষ করে ঐ ধরনের নোট যখন পেশ করা হয় বিরাট সংখ্যায়। ঐ ধরনের নোটের বিস্তারিত বিবরণ, যেমন, যে পেশ করেছে তার নাম, পেশ করা নোটের নম্বর এবং কতটাকা মূল্যের নোট সমস্ত কিছুই জানাতে হবে ডেপুটি/জেনারেল ম্যানেজারকে, যাঁর অধীনে ঐ ব্যাংকের শাখার অবস্থান। যদি বিরাট সংখ্যায় ঐ ধরনের নোট পেশ করা হয়ে তবে বিষয়টা স্থানীয় পুলিশকেও জানাতে হবে। ব্যাংকের শাখাগুলিকে নিশ্চিত করতে হবে যাতে ত্রুটিপূর্ণ নোট বিনিময়ের সুযোগ সুবিধা বেসরকারী/পেশাদার টাকা লেনদেনকারীরা কুক্ষীগত করতে না পারে।

**প্রশিক্ষণ**

৬। আমাদের ইস্যু কার্যালয়ের নির্দেশ আছে ব্যাংকের যে সমস্ত শাখায় কারেন্সী চেস্ট আছে তারা নির্দিষ্ট আধিকারকদের জন্য অগ্রাধিকারের ভিত্তিতে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। এটাও নিশ্চিত করতে হবে একমাত্র যাঁরা চিহ্নিত হয়েছেন নির্দিষ্ট আধিকারিক হিসাবে কেবল মাত্র তাদের জন্যই প্রশিক্ষণের ব্যবস্থা করতে হে। যেহেতু এই প্রশিক্ষণের ব্যবস্থাগুলি করা হয় কোন নোটগুলি ত্রুটিপূর্ণ তার বিচারের ক্ষেত্রে নির্দিষ্ট আধিকারিকের জ্ঞান ও আত্ম-বিশ্বাস বাড়ানোর জন্য, নির্দিষ্ট আধিকারিকের প্রশিক্ষণে উপস্থিত থাকা একান্ত আবশ্যক।

**বিজ্ঞপ্তি বোর্ডের প্রদর্শন**

৭। সমস্ত ভারপ্রাপ্ত ব্যাংকের শাখাগুলির ক্ষেত্রে প্রয়োজন তাদের শাখা দপ্তরের সকলের নজরে পড়ে এমন স্থানে একটি বোর্ড লাগানো যাতে লেখা থাকবে এখানে ছেঁড়াখোড়া বিবর্ণ নোট গ্রহণ ও বিনিময় করা হয়। ব্যাংকগুলি এটি নিশ্চিত করবে যেন সমস্ত ভারপ্রাপ্ত শাখাগুলি যেন নোট বিনিময ব্যবসার দায়িত্ব গ্রহণ করে।

**Rs.1000/- -এর নোটের প্রচলন**

৮। Rs.1000/- মূল্যের ব্যাংক নোট চালু করার সঙ্গে সঙ্গে নোট প্রত্যার্পণ সব স্থানে 'পাঁচশো ভারতীয় টাকা'-র পরিবর্তে 'হাজার ভারতীয় টাকা' ঢোকানো হয়েছে এবং সংখ্যায় '৫০০'-র পরে '১০০০' যোগ করা হয়েছে। উপরের নির্দেশের ফল স্বরূপ নিয়মানুযায়ী যেখানে Rs. 500/- পর্যন্ত মূল্যের দুরকম নম্বর যুক্ত নোট পরিবর্তনের ক্ষেত্রে প্রযোজ্য ছিল তা এখন Rs.1000/- মূল্যের নোট পর্যন্ত প্রযোজ্য হবে।

এতদানুসারে, ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি অনুযায়ী যেভাবে Rs.10/-, Rs.20/-, Rs.50/-, Rs.100/- ও Rs.500/- মূল্যের নোটের ক্ষেত্রে বিচার করা হতো, Rs.1000/- মূল্যের নোটের ক্ষেত্রেও একই রকমভাবে বিচার্য হবে।

**কারেন্সী চেস্টের বিচার করা নোটগুলির সম্বন্ধে পরবর্তী পদক্ষেপ**

৯।  ইস্যু কার্যালয়ের অধীনে কারেন্সী চেস্টের বিচারপূর্বক রায়দান করা নোটের হিসাবের ক্ষেত্রে কারেন্সী চেস্ট শাখাগুলিকে পুরো মূল্য চুকিয়ে দেওয়া নোটগুলিকে ইস্যু কার্যালয়ের কাছে পরিচয় দিতে এবং তারপর একই সঙ্গে ময়লা দাগী নোটগুলিকেও একই রকমভাবে পাঠাতে হবে।অর্দ্ধেক মূল্য দেওয়া নোট এবং বাতিল নোট যা নাকি কারেন্সী চেস্ট সম্বলিত ব্যাংকের শাখাগুলি তাদের হাতে জমা রাখা নগদ (ক্যাশ ব্যালেন্স)-এ টেনে যাচ্ছে, হয় আলাদা প্যাকেট করে পুরো মূল্য চোকানো নোটের সঙ্গে অথবা যখন যেমন প্রয়োজন সেই মত নথিভুক্ত ও বিমা করে পাঠাতে পারে। যখন পুরো মূল্য চোকানো নোটগুলি ক্যাশ রেমিটেন্স (নগদে পাওনা চোকানো হয়েছে) বলে গণ্য করা হবে এবং সেই মত চালানে বর্তমান নোটস অ্যাকাউন্ট বলে হিসাবে অন্তর্ভুক্ত করা হবে। অর্দ্ধেক মূল্য চোকানো ও বাতিল নোটগুলিকে গণ্য ও হিসাব এবং সেই মত প্রক্রিয়ার ব্যবস্থা রাখা হবে।

**ব্যাংকের শাখায় নোট পরিবর্তনের সুবিধা**

১০।  দেশের সমস্ত প্রান্তের ব্যাংকের কারেন্সী চেস্ট সম্বলিত ব্যাংকের শাখাগুলিকে বলা হচ্ছে যাতে তারা আরও সক্রিয় ও জোরালোভাবে গ্রাহকদের নিম্ন লিখিত পরিষেবা দেন যাতে শুধুমাত্র নিম্ন লিখিত বিষয়গুলির জন্য জনগণ যেন কোনো অবস্থাতেই ভারতীয় রিজার্ভ ব্যাংকের আঞ্চলিক কার্যালয়ে যোগাযোগ না করে :

(ক) সমস্ত মূল্যের নতুন/ভাল মানের নোট ও খচরার চাহিদা পূরণ করে, (খ) ময়লা দাগী নোট পরবর্তনের সুবিধা, (গ) হয় লেনদেনের জন্য না হলে পরিবর্তনের জন্য খুচরো এবং নোট গ্রহণ করা।

কারেন্সী চেস্ট সম্বলিত ব্যাংকের শাখা সমূহ ক্ষতিগ্রাস্ত/বিবর্ণ নোট বদলের বন্দোবস্ত রাকবে। ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি ১৯৭৫ (১৯৮০ পর্যন্ত সংশোধিত) মতে সমস্ত বিবর্ণ নোটের বিচারপূর্বক ভাগ্য নির্ধারণ ভারতীয় রিজার্ভ ব্যাংকের ওয়েবসাইটে দেখানো হয়েছে।

ব্যাংকের শাখাগুলিত এই সুযোগ পাওয়ার সমস্ত খবর জনগণের সুবিধার্থে প্রকাশ করতে হবে।

১১।(ক) ভারতীয় রিজার্ভ ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকগুলির মধ্যে কারেন্সী চেস্ট এবং/অথবা ছোট মুদ্রা ভাণ্ডার গড়ে তোলার চুক্তি অনুযায়ী ব্যাংকের সমস্ত শাখায় নোট বদলে খুচরো মুদ্রা নেওয়ার ব্যবস্থা রাকতে হবে। ব্যাংকগুলিকে পরামর্শ দেওয়া হয়েছে তাদের শাখাগুলিকে নিম্ন লিকিত নির্দেশ দেোয়ার জন্য

(অ) জনগণের যে কোনো ব্যক্তির কাচ থেকে বিনা বাধায় যে কোনো মান বা মূল্যের ছোট মুদ্রা গ্রহণ করে পরিবর্তে তাকে নোট দিতে হবে।

(আ) তাদের উচিত গণনা যন্ত্র ব্যবহার করা অথবা বিরাট সংখ্যায় কয়েন ওজনে গ্রহণ করা, সেখানে যেমন ব্যবস্থা আছে।

(ই) টাকার কয়েন চেস্টের ব্যালেন্স হিসাবে এবং ছোট মুদ্রা ছোটমুদ্রা ভাণ্ডারের ব্যালেন্স হিসাবে গ্রহণ করা যেতে পারে।

(ঈ) পাঁচ, দশ এবং কুড়ি পয়সার ছোট মুদ্রা ছোটমুদ্রা ভাণ্ডারওয়ালা শাখাগুলি হায়দ্রাবাদ, কলকাতা এবং মুম্বাই-এ অবস্থিত ভারত সরকারের ট্যাঁকশালে বর্তমান পদ্ধতি অনুযায়ী পর্যায়ক্রমে পাঠিয়ে দিতে পারে।

(খ) ব্যাংকগুলি তাদের শাখাসমূহের কাছে নির্দেশ দেয় যেন যে কোনো মূল্যের কয়েন, হয় পরিবর্তনের জন্য নয় তো অ্যাকাউন্টে জমা দেওয়ার জন্য পাঠানো হলে তারা গ্রহণ করে। ঐ ধরনের কয়েন বিশেষ করে ছোট কয়েনগুলি ওজনের ভিত্তিতে গ্রহণ করা হয়। যা হোক পলিথিনের প্যাকেটে ১০০টি কয়েন গ্রহণ করা ক্যাশিয়ার ও গ্রাহক উভয়ের ক্ষেত্রেই সুবিধাজনক, ব্যাংক সেই ছোট প্রাকেটগুলি গ্রাহকদের দেওয়ার সুবিধার জন্য তাদের কাউন্টারে রাখতে পারে। জনগণের জ্ঞাতার্থে জনগণের জ্ঞাতার্থে এই মর্মে এক বিজ্ঞপ্তি ব্যাংক ভবনের ভিতরে ও বাইরে প্রদর্শিত হতে পারে। পাঁচ, দশ ও কুড়ি পয়সার অ্যালুমিনিয়াম মুদ্রা, দশ পয়সার অ্যালুমিনিয়াম-ব্রোঞ্জ মুদ্রা, দশ পয়সার স্টেইনলেস স্টিলের মুদ্রা, পঁচিশ পয়সা, পঞ্চাশ পয়সা ও একটাকার তামা-নিকেলের মুদ্রা প্রত্যাহার করে নেওয়া হয়েছে। এবং তা যথারীতি সরকারী ট্যাঁকশালে রপাঠানো হয়েছিল। গ্রাহকদের, প্রবৃত্ত না করে, অনুরোধ করা যেতে পারে যাতে তারা ধাতু ও মুদ্রাপ মান অনুযায়ী আলাদা আলাদা করে ১০০টি করে কয়েনের প্যাকেট করে কাউন্টারে পাঠান। স্টেইনলেস স্টিলের পঁচিশ পয়সা, পঞ্চাশ পয়সা ও এক টাকা এবং তামা-নিকেলের দুই ও পাঁচ টাকার মুদ্রার ক্ষেত্রেও একই রকম ব্যবস্থা নেওয়া যেতে পারে। ওজনের বিরাট পার্থক্টের ক্ষেত্রে গণনা যন্ত্র ব্যবহার করা যেতে পারে।

বাছাই করে রক্ষণাবেক্ষণের জন্য ও গুদামজাত করার সমস্যার জন্য পাঁচ, দশ ও কুড়ি পয়সার অ্যালুমিনিয়াম মুদ্রা, দশ পয়সার অ্যালুমিনিয়াম-ব্রোঞ্জ মুদ্রা, দশ পয়সার স্টেইনলেস স্টিলের মুদ্রা, পঁচিশ পয়সা, পঞ্চাশ পয়সা ও একটাকার তামা-নিকেলের মুদ্রাগুলি ভারত সরকার হায়দ্রাবাদ/মুম্বাই/কলকাতার ট্যাঁকশালে পাঠিয়ে দেওয়া যেতে পারে আগে থেকে খবর দিয়ে ব্যাংকের কারেন্সী চেস্ট/ছোট মুদ্রা ভাণ্ডার সম্বলিত শাখার মাধ্যমে বর্তমান ব্যবস্থা অনুযায়ী। স্টেইনলেস স্টিলের পঁচিশ পয়সা, পঞ্চাশ পয়সা ও এক টাকা এবং তামা-নিকেলের দুই ও পাঁচ টাকার মুদ্রা বাজারে প্রচলন করার জন্য পাঠাতে হবে। ঘটনা চক্রে চাহিদার অভাবে যদি এই সমস্ত মুদ্রা কারেন্সী চেস্ট/ছোট মুদ্রা ভাণ্ডারে জমে গিয়ে মজুদ করার স্থান না থাকে তবে আঞ্চলিক বিভাগ ইস্যু বিভাগের দ্বারস্থ হওয় যেতে পারে ঐ মুদ্রাগুলি সেখানে পাঠানোর জন্য।

ব্যাংকের রিজিওনাল/জোনাল ম্যানেজার শাখাগুলিতে হঠাৎ পরিদর্শন করে সদর কার্যালয়কে বর্তমান অবস্থা মেনে চলার বিষয়ে অবহিত করবে এবং তারা প্রতিবেদনের পুনর্মুল্যায়ণ করে চটজলদি েখানে প্রয়োজন সেখানে প্রতিকারের ব্যবস্থা করবে।

এই বিষয়ে অমান্য করার অর্থ ভারতীয় রিজার্ভ ব্যাংকের নির্দেশিকার লঙ্ঘন হিসাবে গণ্য করা হবে।

*সংযোজনী*

নিয়ন্ত্রক বিজ্ঞপ্তি

বিষয় : ভরতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ)
বিধি - ক্ষমতা অর্পণ সংক্রান্ত

<u>এই নিয়ন্ত্রক বিজ্ঞপ্তিতে একত্রীকৃত বিজ্ঞপ্তির তালিকা</u>

| **বিজ্ঞপ্তি নং** | **তারিখ** | **বিষয়** |
|---|---|---|
| G-67/08.07.18/96-97 | ১৮-০২-১৯৯৭ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি ১৯৭৫, কারেন্সী চেস্ট সম্বলিত বেসরকারী ক্ষেত্রের ব্যাংকের কাছে পূর্ণ ক্ষমতা প্রদান |
| G-52/08.07.18/96-97 | ১১-০১-১৯৯৭ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি ত্রুটিপূর্ণ নোট পরিবর্তনের ক্ষেত্রে - পে/পেইড ছাপ যুক্ত নোটের ব্যবস্থা গ্রহণের জন্য সরকারী ক্ষেত্রের ব্যাংকের কাছে ক্ষমতা প্রদানের প্রকল্প। |
| G-24/08.01.01/96-97 | ০৩-১২-১৯৯৬ | কাটা নোট গ্রহণ ও পরিবর্তন - উদারীকরণ |
| G-64/08.07.18/95-96 | ১৮-০৫-১৯৯৬ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি - সরকারী ব্যাংকের শাখাগুলিকে পূর্ণ ক্ষমতা প্রদান এবং ত্রুটিপূর্ণ নোট পরিবর্তনের বিষয়ে প্রচার সংক্রান্ত। |
| G-71/08.07.18/92-93 | ২২-০৬-১৯৯৩ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি - সরকারী ব্যাংকের শাখাগুলিকে পূর্ণ ক্ষমতা প্রদান এবং ত্রুটিপূর্ণ নোট পরিবর্তনের বিষয়ে প্রকল্প - প্রচার। |
| G-83/CL-1 (PSB)-91/92 | ০৬-০৫-১৯৯২ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি - সরকারী ব্যাংকের কারেন্সী চেস্ট সম্বলিত শাখাগুলিকে পূর্ণ ক্ষমতা প্রদান। |
| G-74/CL - (PSB) (Gen.)-90-91 | ০৫-০৬-১৯৯১ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি - সরকারী ব্যাংকের ক্ষেত্রে পূর্ণ ক্ষমতা প্রদান |
| 5.5/CL-1(PSB)-90/91 | ২৫-০৯-১৯৯০ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি - সরকারী ব্যাংকের ক্ষেত্রে পূর্ণ ক্ষমতা প্রদান প্রকল্প |
| 8/CL-1(PSB)-/90/91 | ১৭-০৮-১৯৯০ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি - সরকারী ব্যাংকের ক্ষেত্রে পূর্ণ ক্ষমতা প্রদান প্রকল্প |
| G-123/CL-1(PSB) (Gen)-89/90 | ০৭-০৫-১৯৯০ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি - সরকারী ব্যাংকের ক্ষেত্রে পূর্ণ ক্ষমতা প্রদান প্রকল্প (সংশোধিত) |
| G-108/CL-1 (PSB) (Gen)-89/90 | ০৩-০৪-১৯৯০ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি ১৯৮৯ - Rs.500/--র ব্যাংক নোট - সরকারী ব্যাংকের শাখায় ত্রুটিপূর্ণ নোটগুলি পরিবর্তন। |
| G-8/CL-1 (PSB)-89/90 | ১২-০৭-১৯৮৯ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি - ত্রুটিপূর্ণ নোটের চিহ্নিতকরণ ও ভারতীয় রিজার্ভ ব্যাংকের ইস্যু কার্যালয়ের ‘দাবী করতে হবে’-র ছাপ। |
| G.84/CL.1(PSB)-88/89 | ১৭-০৩-১৯৮৯ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি - সরকারী ব্যাংকের ক্ষেত্রে নোট পরিবর্তনের পূর্ণ ক্ষমতা প্রদান। |
| G.66/CL.1(PSB)-88/89 | ০৯-০২-১৯৮৯ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি - সরকারী ব্যাংকের ক্ষেত্রে পূর্ণ ক্ষমতা প্রদান - প্রশিক্ষণ। |
| S.12/CL-1(PSB)-88/89 | ৩০-০৯-১৯৮৮ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি - ইচ্ছাকৃত |

| | | |
|---|---|---|
| | | ভাবে নষ্ট করা নোট - বিচার। |
| G.134/CL/1(PSB)-87-88 | ২৫-০৫-১৯৮৮ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি-র অন্তর্ভুক্ত পূর্ণ ক্ষমতা অর্পণ প্রকল্পটি কার্যকর করা । |
| 192/CL-1-(PSB)-86/87 | ০২-০৬-১৯৮৭ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি - সরকারী ব্যাংকের ক্ষেত্রে পূর্ণ ক্ষমতা প্রদান। |
| 189/CL.2/86/87 | ০২-০৬-১৯৮৭ | নোটের উপর লিখে বা কোনো বার্তা স্লোগান লিপিবদ্ধ করে তার চেহারা নষ্ট করা সংক্রান্ত বিষয়। |
| 185/CL-1(PSB)-86/87 | ২০-০৫-১৯৮৭ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি - ত্রুটিপূর্ণ নোটের উপর 'পে' এবং 'রিজেক্ট' ছাপ আটকিয়ে দেওয়া সংক্রান্ত। |
| 173/CL.1/84/85 | ০২-০৪-১৯৮৫ | ত্রুটিপূর্ণ নোট পরিবর্তনের/তার পদ্ধতি সংক্রান্ত বিষয়ে সরকারী ব্যাংকের ক্ষেত্রে পূর্ণ ক্ষমতা প্রদান। |
| Cy.No.1064/CL.1/76/77 | ০৯-০৮-১৯৭৬ | ময়লা, দাগী অথবা অল্প বিবর্ণ নোট পরিবর্নের ক্ষেত্রে জনগণকে সুযোগসুবিধা প্রদান সংক্রান্ত। |
| Cy.No.386/08.07.13/ 2000-2001 | ১৬-১১-২০০০ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি, ১৯৭৫ - কারেন্সী চেস্ট সম্বলিত সরকারী/বেসরকারী ব্যাংকের সাখাগুলিকে পুরো নোট পরিবর্তনের পূর্ণ ক্ষমতা প্রদান। |
| G-11/08.07.18/2001-02 | ০২-১১-২০০১ | ভারতীয় রিজার্ভ ব্যাংক (নোট প্রত্যার্পণ) বিধি, ১৯৭৫ - কারেন্সী চেস্ট সম্বলিত সরকারী/বেসরকারী ব্যাংকের সাখাগুলিকে নোট পরিবর্তনের পূর্ণ ক্ষমতা প্রদান। |
| DCM (RMMT) No. 404/ 11.37.01 /2003-04 | ০৯-১০-২০০৩ | কয়েন গ্রহণ ও নোট লভ্যতার সুবিধা। |
| DCM (NE) No. 310/08.07.18/2003-04 | ১৯-০১-২০০৪ | জনগণকে নোট, কয়েন ইত্যাদি পরিবর্তনের সুবিধা প্রদান। |
| DCM (RMMT) No. 1181/ 11.37.01 /2003-04 | ০৫-০৪-২০০৪ | কয়েন গ্রহণ সংক্রান্ত। |